২৫/০৩/২২

উপজেলা পরিষদ
বালাগঞ্জ, সিলেট

**ফেব্রুয়ারি/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ৩১ তম সাধারণ সভার কার্যবিবরণী:**

সভাপতি : জনাব মো: মোস্তাকুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালাগঞ্জ,সিলেট
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বালাগঞ্জ, সিলেট
সভার তারিখ ও সময় : ১৪ ফেব্রুয়ারি ২০২২ সকাল : ১১.৩০ ঘটিকা

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' দ্রস্টব্য)

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগের নাম | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণি ধারাবাহিকভাবে পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>সিদ্ধান্ত : বিগত সভার কার্যবিবরণির কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ, সিলেট |
| স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ) | উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ সভায় নিয়মিত ইউনিয়ন পরিষদের সাধারণ সভা করে সভার কার্যবিবরণি যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।<br>সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে একবার ইউনিয়ন পরিষদের সাধারণ সভা করে সভার কার্যবিবরণি স্বাক্ষরিত হওয়ার পরবর্তী চৌদ্দ দিনের মধ্যে ইউনিয়ন পরিষদের সকল সিদ্ধান্ত উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট ইউপি চেয়ারম্যানগণ প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল) |
| বিগত সভা হতে এ পর্যন্ত প্রাপ্ত পরিপত্র/ সার্কুলার | কোন সার্কুলার /পরিপত্র পাওয়া যায়নি। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট সকল |
| উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা | (ক) জানুয়ারির/২০২১ মাসে উপজেলা কমিটির (স্থায়ী কমিটি) কোন প্রকল্প প্রস্তাব বা সুপারিশ নেই।<br>সিদ্ধান্ত : বিগত সভায় অনুমোদিত প্রকল্পসমূহ নির্ধারীত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যনগণকে অনুরোধ করা হয়।<br>(খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় উপজেলা স্থায়ী কমিটির সুপারিশ সহ বিভিন্ন প্রকল্প উপজেলা পরিষদের সভায় উপস্থাপনের জন্য সংশ্রিষ্ট দপ্তরের কর্মকর্তাগণকে অনুরোধ করেন।<br>সিদ্ধান্ত : উপজেলা স্থায়ী কমিটির সুপারিশ সহ গৃহীত প্রকল্প উপজেলা পরিষদের সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ইউডি এস, জাইকা প্রকল্প/ ইউপি চেয়ারম্যান (সকল), বালাগঞ্জ |
| উপজেলা পরিষদের উপদেষ্টা তথা মাননীয় সংসদ সদস্যের সুপারিশ পর্যালোচনা | সিলেট-৩ আসনের মাননীয় সংসদ সদস্য এর জানুয়ারি/২২ মাসে উপস্থাপনযোগ্য কোন প্রস্তাব/সুপারিশ নেই। | সকল দপ্তর |
| নিয়মিত রাজস্ব ব্যয় | জনাব হেলাল আহমদ, জীপ চালককে উপজেলা পরিষদের জানুয়ারি/২২ মাসের জ্বালানী বিল বাবদ-২০,৯৪১/-(বিশ হাজার নয়শত একচল্লিশ) টাকা,উপজেলা পরিষদের পরিস্কার পরিচ্ছন্ন কর্মী -৪৫০০/-( চার হাজার পাঁচশত) টাকা,মহান বিজয় দিবস ২০২১ উপলক্ষ্যে ব্যয়িত ৩৫,০০০/- (পয়ত্রিশ হাজার টাকা),বর্জ্য ও ড্রেন পরিস্কার বাবদ ২২,০০০/-(বাইশ হাজার টাকা) ব্যয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>সিদ্ধান্ত : উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় সভায় অনুমোদন করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ |

| | | |
|---|---|---|
| বিবিধ | (ক) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। অতঃপর তিনি জানুয়ারি/২০২২ মাসের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। গর্ভবতী পরিচর্যা ১০৮৫, প্রসব সেবা সংখ্যা ১৮৭, গর্ভোত্তর পরিচর্যা ২৭৯, শিশু স্বাস্থ্য সেবা সংখ্যা -৫৪০। সাধারন রোগী ৪৬৬৮ আইইউডি -০২, ইমপ্ল্যান্ট- ৪৫ জন।<br>সিদ্ধান্তঃ পরিবার পরিকল্পনা কার্যক্রমকে গতিশীল এবং সচেতনতামূলক প্রচারনা অব্যাহত রাখতে হবে।<br>(খ) উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান বিভাগীয় কার্যক্রম চলমান আছে। তারই ধারাবাহিকতায় "হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন " শীর্ষক প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থবছরে (২য় পর্যায়) পূর্ব গৌরীপুর ইউনিয়ন ব্যতিত বালাগঞ্জ, বোয়ালজুড়, দেওয়ানবাজার, পূর্বপৈলনপুর ও পশ্চিম গৌরীপুর ইউনিয়নে ১০ টি করে মোট ৫০ টি পানির উৎস বরাদ্দ পাওয়া গিয়াছে এবং ০৫ টি ইম্প্রোভ ল্যাট্রিন বরাদ্দ পাওয়া গিয়াছে। । প্রকল্পের নীতিমালা অনুযায়ী পানির উৎসের ৫০% সাইট মাননীয় সংসদ সদস্য কর্তৃক নির্বাচন করবেন এবং অবশিষ্ট ৫০% সাইট নির্বাচন করবেন সংশ্লিষ্ট উপজেলার উপজেলা ও ইউনিয়ন ওয়াটস্যান কমিটির যৌথ সমন্বয়ে।<br>তিনি আরো বলেন, ২০২১-২০২২ অর্থবছরে ইতিপূর্বে পানির উৎস, ইম্প্রোভ টয়লেট এবং টুইন পিন ল্যাটিনের তালিকা জুররী ভিত্তিতে অত্র কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করেন।<br>মুজিববর্ষ উপলক্ষ্যে অত্র উপজেলায় নির্মিত আশ্রয়ণ প্রকল্পের পানির উৎস স্থাপনের কাজ চলমান রয়েছে।<br>PEDP-4 প্রকল্পের আওতায় বালাগঞ্জ উপজেলায় ০৮ টি বিদ্যালয়ে Wash Block এবং ২৩ টি Wash Vasin (TSP) নির্মাণকাজ চলমান রয়েছে।<br>সিদ্ধান্তঃ ইউনিয়নওয়ারী নলকূপের তালিকা জুরুরী ভিত্তিতে প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।<br>(গ) উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা জানান, প্রাণি সম্পদ বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। এলডিপি প্রকল্পের আওতায় ০৫ টি প্রডিউসার গ্রুপ তৈরীর কাজ সম্পন্ন হয়েছে। হাওড় উন্নয়ন ও প্রাণিসম্পদ সম্প্রসারণ উন্নয়ন প্রকল্পের আওতায় খামারিদের দল গঠন করা হয়েছে। আগামী ১৬ ফেব্রুয়ারি প্রাণি সম্পদ প্রদর্শণী ২০২২ উপজেলা প্রানি সম্পদ ক্যাম্পাসে আয়োজন করা হয়েছে। কৃত্রিম প্রজনন কর্মী না থাকায় কৃত্রিম প্রজনন কিছুটা বাধাগ্রস্থ হচ্ছে মর্মে সভায় অবহিত করেন।<br>সিদ্ধান্তঃ বিভাগীয় কার্য়ক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা কে অনুরোধ করা হয়।<br>(ঘ) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান, ২০২২ সালের বিনামুল্যের পাঠ্যপুস্তক বিতরণ চলছে, করোনা ভাইরাস মোকাবেলায় প্রশাসনের সাথে সম্পৃক্ত থেকে সার্বিক সহযোগিতা প্রদান, ইউনিক আইডি প্রদান সংক্রান্ত শিক্ষার্থী প্রোফাইল ও ডাটাবেজ প্রণয়নের নিমিত্ত শিক্ষার্থী তথ্যফরম কাজ চলমান, শিক্ষা প্রতিষ্টানের শিক্ষার্থীদের ভ্যাকসিন কার্যক্রম চলমান। বিভাগীয় কাজ স্বাভাবিক ভাবে চলছে।<br>সিদ্ধান্তঃ শিক্ষার মনোন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখা এবং চলতি কার্যক্রম সুষ্টুভাবে সম্পন্ন করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কে অনুরোধ করা হয়।<br>(ঙ) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান মৎস্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান ০৬টি ইউনিয়নের বিভিন্ন হাট বাজার পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালে ফর্মালিনমুক্ত মাছ, জাটকা ইলিশ এবং সরকার নিষিদ্ধ আফ্রিকান মাগুর পাওয়া যায় নাই এবং মৎস্য সম্পদ সুরক্ষা ও সংরক্ষণ আইন অনুযায়ী প্রতি বছরের ন্যায় এ বছর জাটকা সংরক্ষণ অভিযান কার্যক্রম চলমান রয়েছে। চলতি মাসে অত্র উপজেলার ০৬ টি ইউনিয়নে বিভিন্ন গ্রামের মোট ১৫ জন মৎস্য চাষীকে প্রশিক্ষণ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ উপজেলা পরিবার পরিকল্পনা /উপ সহকারী প্রকৌশলী/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা /সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)/ মৎস্য কর্মকর্তা |

প্রদান সহ ১০ জন মৎস্যচাষীর পুকুর পরিদর্শন ও কীট-বক্সের মাধ্যমে পানি পরীক্ষা করে পরামর্শ প্রদান করা হয়েছে। এ ছাড়া রাজস্ব খাতের আওতায় গত মাসে ০১ টি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে মর্মে সভায় অবহিত করেন।

সিদ্ধান্তঃ উপজেলা মৎস্য কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখা সহ আগ্রহী মৎস্য চাষীদের পরামর্শ প্রদান,বিল নার্সারী কার্যক্রম চলমান রাখা সহ প্রদর্শনী কার্যক্রম ও প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

(চ) চেয়ারম্যান,উপজেলা পরিষদ সভায় জানান, মৎস্য সম্প্রদায়ের মৎস্যজীবিদের মৎস্য কার্ড প্রদান করা প্রয়োজন এ বিষয়ে আগাম প্রস্তুতি নেওয়ার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করেন।

সিদ্ধান্ত : মৎস্য কার্ড প্রস্তুতের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।

(ছ) চেয়ারম্যান,উপজেলা পরিষদ সভায় জানান, বালাগঞ্জ উপজেলায় একটি দুগ্ধ খামার প্রস্তুতের উদ্দ্যোগ গ্রহণের জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত : বালাগঞ্জ উপজেলায় একটি একটি দুগ্ধ খামার তৈরিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

(জ) ভাইস চেয়ারম্যান জানান, দেওয়ান বাজার ইউনিয়েনের মাদ্রাসা বাজারের বাতরুমের ফাটল দেখা দিয়েছে। বাতরুমটি মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী অনুরোধ করেন।

সিদ্ধান্তঃ মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঝ) চেয়ারম্যান পূর্ব গৌরীপুর জানান মৈশাসী গ্রামের ০৩ জন মুক্তিযোদ্ধারা সম্মানী ভাতা থেকে বঞ্চিত রয়েছেন সরকারি নীতিমালা অনুযায়ী সম্মানী ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ব্যবস্থাপক সোনালী ব্যাংক বালাগঞ্জ শাখাকে কে অনুরোধ করেন।

সিদ্ধান্তঃ ০৩ জন মুক্তিযোদ্ধাদের সরকারি নীতিমালা অনুযায়ী সম্মানী ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ব্যবস্থাপক সোনালী ব্যাংক বালাগঞ্জ শাখাকে কে অনুরোধ করা হয়।

(ঞ) উপজেলা নির্বাহী অফিসার জানান বালগঞ্জ উপজেলার সকল ইউপিতে কর্মরত দফাদার মহাল্লাদারদের হালনাগাদ তথ্য প্রেরনের জন্য সকল ইউপি চেয়ারম্যোনগণকে অনুরোধ করেন।

সিদ্ধান্তঃ কর্মরত সকল দফাদার মহাল্লাদারদের হালনাগাদ তথ্য প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

(ট) উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান এর ব্যবহৃত চেয়ার মেরামত করা প্রয়োজন।

সিদ্ধান্তঃ মহিলা ভাইস চেয়ারম্যান এর ব্যবহৃত চেয়ার মেরামত করে বিল দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঠ) বালাগঞ্জ উপজেলা পরিষদের ড্রেইন ও ট্যাংকি পরিস্কার করানো প্রয়োজন।

সিদ্ধান্তঃ উপজেলা পরিষদের ড্রেইন ও ট্যাংকি পরিস্কার করার বিষয়ে ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

**সভাপতির সমাপনী বক্তব্য :** সভাপতি বর্তমান করোনা পরিস্থিতিতে সকলকে স্বাস্থ্যবিধি মেনে অর্পিত দায়িত্ব পালনের আহবান জানান। তিনি উপজেলা কমিটির সভা নিয়মিত আহবান করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের পরামর্শ প্রদান করেন। তিনি বালাগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে একযোগে কাজ করার জন্য জনপ্রতিনিধি ও কর্মকর্তাদের অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোস্তাকুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বালাগঞ্জ,সিলেট
Email.ucbalaganj@gmail.com

স্মারক নং : ০৫.৪৬.৯১০৮.০০৬.১৬.০৮৬.২১-৫৫০)

তারিখ : ১৪ ফেব্রুয়ারি ২০২২

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে-

০১। মাননীয় সংসদ সদস্য, সিলেট-৩
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। কমিশনার, সিলেট বিভাগ
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ
০৫। জেলা প্রশাসক, সিলে
০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ , বালাগঞ্জ, সিলেট
০৮। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালাগঞ্জ, সিলেট

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে-

০১। উপজেলা .................................কর্মকর্তা, বালাগঞ্জ, সিলেট
০২। চেয়ারম্যান...................................ইউপি (সকল), বালাগঞ্জ, সিলেট

(রোজিনা আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
বালাগঞ্জ, সিলেট
টেলিফোন: ০৮২২২-৫৬০০১
Email: unobalaganj@gmail.com

| ক্রমিক | জনপ্রতিনিধিবৃন্দ | ১৯/০৯/২০২১ | ২১/১০/২০২১ | ২২/১১/২০২১ | ২০/১২/২০২১ (২০/১২/২১) | ১৩/০৭/২২ | ১৪/২/2022 | ১৬/০৩/২২ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | জনাব হাবিবুর রহমান<br>মাননীয় সংসদ সদস্য<br>সিলেট-৩ | [signature] | M.P. | | | | | |
| ০২. | জনাব মো: মোস্তাকুর রহমান<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ | [signature] | upr Chairman | [signature] | | | | |
| ০৩. | জনাব মো: মামুন উদ্দিন<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | [signature] | [signature] | [signature] | [signature] | | [signature] | [signature] |
| ০৪. | জনাব সেবু আক্তার মনি<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | |
| ০৫. | চেয়ারম্যান<br>পূর্ব দৈলনপুর ইউপি | [signature] | [signature] | [signature] ২২/১১/২১ | [signature] ২০/১২/২১ | [signature] ১৩/০৭/২২ | [signature] 14.02.22 | [signature] ১৬/০৩/২০২২ |
| ০৬. | চেয়ারম্যান,<br>বোরালজুড় ইউপি | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৭. | চেয়ারম্যান<br>দেওয়ানবাজার ইউপি | [signature] ১৯/০৯/২১ | [signature] | [signature] ২২/১১/২১ | [signature] | | [signature] ১৪/২/২২ | [signature] |
| ০৮. | চেয়ারম্যান<br>পশ্চিম গৌরীপুর ইউপি | [signature] 19-09-2021 | [signature] | | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৯. | চেয়ারম্যান<br>বালাগঞ্জ ইউপি | [signature] 19.09.21 | [signature] | | [signature] 20.11.21 | [signature] 13.07.22 | | |
| ১০ | চেয়ারম্যান<br>পূর্ব গৌরীপুর ইউপি | [signature] ১৯/০৯/২০২১ | [signature] ২১/১০/২০২১ | [signature] ২২/১১/২০২১ | [signature] 20/12/২০২১ | [signature] ১৩/০৭/২০২২ | [signature] ১৪/০২/২২ | [signature] ১৬/০৩/২২ |

| ক্র: | কর্মকর্তাবৃন্দ | ১২/০৯/২০২১ | ২৮/১০/২০২১ | ২২/১১/২১ | ২০/১২/২০২১ | ২৬/০১/২২ | ২৪/২/২০২২ | ২৩/০৩/২২ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | উপজেলা নির্বাহী অফিসার | | | | | | | |
| ০২. | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] ১৩/৩/২২ |
| ০৩. | উপজেলা কৃষি কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] ২০/১২/২০২১ | | [illegible] ২৪/২/২০২২ | |
| ০৪. | উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৫. | উপজেলা মৎস্য কর্মকর্তা | [illegible] | — | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৬. | উপজেলা প্রকৌশলী | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | |
| ০৭. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] ২৩/০৩/২২ |
| ০৮. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | [illegible] | [illegible] | — | [illegible] | [illegible] | [illegible] | |
| ০৯. | উপজেলা শিক্ষা কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | | [illegible] | |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] ২৪/২/২২ | [illegible] ২৩/০৩/২২ |
| ১১. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | — | — | [illegible] | [illegible] | [illegible] | | |
| ১২. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | [illegible] | | [illegible] | [illegible] | [illegible] | [illegible] ২৪/২/২২ | [illegible] ২৩/৩/২২ |
| ১৩. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | |
| ১৪. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | | | | | | | |
| ১৫ | ~~উপজেলা যুব উন্নয়ন ক~~ | | | | | | | |

| ক্র: | কর্মকর্তাবৃন্দ | ১৯/০৯/২০২১ | ১৬/১০/২০২১ | ২১/১১ | ২২/১১/২০২১ | ২০/১২/২০২১ | ১৩/০১/22 | ১৪/২/২০২২ | ১৪/০৬/২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৫. | উপজেলা সমবায় কর্মকর্তা– | [signature] | [signature] | | [signature] | – | [signature] | [signature] | [signature] |
| ১৬. | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | [signature] | [signature] | | [signature] | [signature] | [signature] 13.01.2022 | [signature] 14.02.2022 | [signature] 14/06/2022 |
| ১৭. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | | [signature] |
| ১৮. | প্রশাসনিক কর্মকর্তা– | [signature] | [signature] | | [signature] | [signature] | | | [signature] |
| ১৯. | সমন্বয়কারী/ব্যবস্থাপক আমার বাড়ি আমার খামার প্র: | [signature] | [signature] | | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ২০. | তথ্যসেবা কর্মকর্তা– | | | | | | | | |
| ২১. | বন কর্মকর্তা– | | | | | | | | |